

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭০২

পর্ব-২৫: শিষ্টাচার (আডাব)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - দণ্ডায়মান হওয়া

আরবী

وَعَنْ أَبِي الدَّرْدَاءِ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا جَلَسَ - جَلَسَنَا حَوْلَهُ
- فَأَرَادَ الرُّجُوعَ نَزَعَ نَعْلَهُ أَوْ بَعْضَ مَا يَكُونُ عَلَيْهِ فَيَعْرِفُ ذَلِكَ أَصْحَابُهُ فَيَتَبَتَّوْنَ. رَوَاهُ
أَبُو دَاؤِدُ

বাংলা

৪৭০২-[৮] আবুদ্দ দারদা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন বসতেন, আমরাও তাঁর চতুর্পার্শে বসে যেতাম। তাঁর অভ্যাস ছিল, যখন তিনি উঠে যেতেন এবং পুনরায় ফিরে আসতে ইচ্ছা করতেন, তখন নিজের জুতা বা পরিধেয় কোন বস্ত্র রেখে যেতেন। এতে তাঁর সাহাবীগণ তাঁর প্রত্যাগমনের কথা বুঝতেন এবং নিজ নিজ স্থানে বসে থাকতেন। (আবু দাউদ)[১]

ফুটনোট

[১] য়েইফ : আবু দাউদ ৪৮৫৪, আস্স সুনানুল কুবরা লিল বাযহাকী ১২১৮৬।

হাদীসটি য়েইফ হওয়ার কারণ হলো, এর সনদে “কা’ব” নামের বর্ণনাকারী মাজহুল বা অপরিচিত। আর তাম্মাম ইবনু নুজায়র নামের বর্ণনাকারী (৫০) একেবারেই দুর্বল। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয় য়েইফাহ্ ৫৭৬৭, হিদায়াতুর রওয়াত ৪৩৩৭ পঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ সাহাবীগণ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সামনে, ডানে এবং বামে বসতেন। এতে প্রমাণিত হয় যে, মাজলিসে বসা নিষিদ্ধ।

(حوله) - فَأَرَادَ الرُّجُوعَ نَزَعَ نَعْلَهُ - রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যদি হালকা, ছোট কোন প্রয়োজনে

মাজলিস ত্যাগ করতেন এবং আবার ফিরে আসার ইচ্ছা করতেন তাহলে মাজলিসে জুতা পাগড়ী বা অন্য কিছু নিজ স্থানে রেখে যেতেন।

‘আল্লামা ত্বীবী (রহিমাত্তুল্লাহ) বলেছেনঃ সম্ভবত রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খালি পায়ে হেঁটে ‘আয়িশাহ্ (রাঃ)-এর ঘরে যেতেন। দূরবর্তী কোথাও গেলে খালি পায়ে হেঁটে যেতেন না। জুতা পরে যেতেন। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75426>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন